

হংকংয়ে ই-পাসপোর্ট সেবা চালু

- A Monitor Desk Report

Date: 28 November, 2024



হংকং: বাংলাদেশ কনসুলেট জেনারেল হংকংয়ে ই-পাসপোর্ট সেবা উদ্বোধন করা হয়েছে। স্থানীয় সময় বুধবার (২৭ নভেম্বর) এই সেবা চালু করা হয়।

কনসাল জেনারেল ইসরাত আরা, হংকংয়ে বসবাসরত প্রবাসী বাংলাদেশি, কনসুলেটের কর্মকর্তা-কর্মচারী, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ই-পাসপোর্ট এবং স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্পের অতিরিক্ত প্রকল্প পরিচালক কর্নেল কাজী শমসের উদ্দিনসহ পাসপোর্ট অধিদপ্তর নিয়োজিত কারিগরি প্রতিনিধির উপস্থিতিতে এ কার্যক্রমের উদ্বোধন করেন।

কনসাল জেনারেল তার বক্তব্যে প্রবাসীদের জন্য প্রধান উপদেষ্টার নেতৃত্বে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের বিভিন্ন উদ্যোগের বিষয় তুলে ধরেন। তিনি হংকং কনসুলেটে ই-পাসপোর্ট সেবা কার্যক্রম চালু করার লক্ষ্যে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরকে তাদের আন্তরিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

তিনি আরও বলেন, কনসুলার সেবা সহজ করতে কনসুলেট সর্বদা সচেষ্ট রয়েছে। ই-পাসপোর্ট কার্যক্রমের মাধ্যমে প্রবাসীদের সেবা দেওয়া উন্নত এবং সহজতর হবে এবং ই-পাসপোর্ট ব্যবহারের মাধ্যমে সারাবিশ্বে বাংলাদেশের প্রযুক্তিগত সক্ষমতা প্রকাশ পাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

কর্নেল কাজী শমসের উদ্দিন তার বক্তব্যে পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক ই-পাসপোর্ট সেবা কার্যক্রমের বিভিন্ন বিষয় তুলে ধরেন। তিনি সার্বিক সহযোগিতার জন্য কনসুলেটকে ধন্যবাদ জানান ও কনসাল জেনারেলকে একটি স্মারক উপহার দেন।

অনুষ্ঠানে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধিদল ই-পাসপোর্ট আবেদনের প্রক্রিয়া সম্পর্কে উপস্থিত বাংলাদেশিদের সম্যক ধারণা দেন।

এর আগে তারা দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীদের ই-পাসপোর্ট সংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ দেন।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকংয়ে ই-পাসপোর্ট কার্যক্রম চালু করায় প্রবাসী বাংলাদেশিরা কনস্যুলেট এবং পাসপোর্ট অধিদপ্তরকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে চার প্রবাসী বাংলাদেশিকে ই-পাসপোর্টের এনরোলমেন্ট ফর্ম প্রদান করা হয়।

অনুষ্ঠান সঞ্চালনা করেন কনস্যুলেটের পাসপোর্ট ও ভিসা উইংয়ের প্রথম সচিব মো. কামরুল হাসান।

-B